১২২

দৈনিক সংবাদ

তারিখ ... MAR. 2 4 1999 ...
পৃষ্ঠা ১১ কলাম ৬ ...

## বাংলাদেশ শিক্ষক সমিতির ক্ষোভ

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ ও মহাসচিব মোঃ সেলিম ভুঁইয়া, ব্যাংক একাউন্ট থাকা সত্ত্বেও ব্যাংক একাউন্ট না থাকার কারণ দেখিয়ে হাজার হাজার শিক্ষক-কর্মচারীর ফেব্রুয়ারি-মার্চ মাসের বেতনের সরকারি অংশ স্থগিত রাখায় ক্ষোভ প্রকাশ করেছেন।

এক বিবৃতিতে তারা বলেন, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের খামখেয়ালির জন্য শিক্ষক কর্মচারীরা ঈদের আনন্দ থেকে বঞ্চিত হচ্ছেন। যে সমস্ত শিক্ষক/কর্মচারী তাদের ব্যাংক একাউন্ট করে প্রয়োজনীয় কাগজপত্র শিক্ষা অধিদপ্তরে জমা দিয়েছেন, শিক্ষা অধিদপ্তর থেকে ব্যানবেইসে উল্লেখিত তথ্যাদি প্রেরণ না করায় ওইসব শিক্ষক-কর্মচারীর বেতন স্থগিত রাখা হয়েছে।